গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
(বোর্ড প্রশাসন-১ শাখা)

নথি নং-০৮.০১.০০০০.০০১.০৪.০০১.১৫(অংশ-১).৬৯২ তারিখঃ ০৫ নভেম্বর, ২০১৫ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় রাজস্ব বোর্ডের নিম্নলিখিত পদসমূহ নিম্নবর্ণিত শর্তে অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্র: নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
১	২	৩	৪	৫
১.	কম্পিউটার অপারেটর ৬৪০০-৪১৫x৭-৯৩০৫-ইবি-৪৫০x১১-১৪২৫৫/- (১১ নং গ্রেড)	৫টি	(a) Graduate, preferably science, relaxable for departmental Data Entry/Control operators with at least 2 years. (b) Must qualify Operator's Aptitude test.	**ঢাকা বিভাগঃ** ঢাকা, গাজীপুর, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, শরিয়তপুর, জামালপুর ও কিশোরগঞ্জ। **চট্টগ্রাম বিভাগঃ** চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান, কুমিল্লা, ব্রাক্ষণবাড়িয়া, চাঁদপুর, লক্ষীপুর ও নোয়াখালী। **রাজশাহী বিভাগঃ** সিরাজগঞ্জ, রাজশাহী, পাবনা, নওগাঁ, নাটোর, চাপাইনবাবগঞ্জ। **রংপুর বিভাগঃ** ঠাকুরগাঁও, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, লালমনিরহাট, কুড়িগ্রাম ও নীলফামারী। **খুলনা বিভাগঃ** খুলনা, মাগুরা, ও চুয়াডাঙ্গা। **বরিশাল বিভাগঃ** ভোলা, ঝালকাঠি ও বরগুনা। **সিলেট বিভাগঃ** সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ।
২.	পরিসংখ্যান অনুসন্ধায়ক ৫২০০-৩২০x৭-৭৪৪০-ইবি-৩৪৫x১১-১১২৩৫/- (১৪ নং গ্রেড)	৩টি	Master's degree or Second class Bachelor's degree with Honours in Statistics or Economics or Mathematics from a recognized university.	
৩.	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর ৫৫০০-৩৪৫x৭-৭৯১৫-ইবি-৩৮০x১১-১২০৯৫/- (১৩ নং গ্রেড)	৪টি	A candidate must have passed H.S.C examination of a recognised Board in order to be eligible for admission to an examination. ইংরেজি শর্টহ্যান্ড ও টাইপ রাইটিং এর ন্যূনতম গতি প্রতি মিনিটে যথাক্রমে ৮০ ও ৩০ শব্দ এবং বাংলা শর্টহ্যান্ড ও টাইপ রাইটিং এর গতি প্রতি মিনিটে ৫০ ও ২৫ শব্দ।	
৪.	সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ৫২০০-৩২০x৭-৭৪৪০-ইবি-৩৪৫x১১-১১২৩৫/- (১৪ নং গ্রেড)	০৭টি	A candidate must have passed H.S.C examination of a recognised Board in order to be eligible for admission to an examination. ইংরেজি শর্টহ্যান্ড ও টাইপ রাইটিং এর ন্যূনতম গতি প্রতি মিনিটে যথাক্রমে ৭০ ও ৩০ শব্দ এবং বাংলা শর্টহ্যান্ড ও টাইপ রাইটিং এর গতি প্রতি মিনিটে ৪৫ ও ২৫ শব্দ।	
৫.	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৪৭০০-২৬৫x৭-৬৫৫৫-ইবি-২৯০x১১-৯৭৪৫/- (১৬ নং গ্রেড)	০৫টি	উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং প্রতি মিনিটে মুদ্রাক্ষর লিখনে বাংলা ২০ এবং ইংরেজি ২০ শব্দ।	
৬.	ডাটা-এন্ট্রি অপারেটর ৪৭০০-২৬৫x৭-৬৫৫৫-ইবি-২৯০x১১-৯৭৪৫/- (১৬ নং গ্রেড)	১৩টি	(ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত। (গ) প্রতি মিনিটে মুদ্রাক্ষর লিখনে বাংলা ২৫এবং ইংরেজি ৩০ শব্দ।	
৭.	ড্রাইভার ৪৭০০-২৬৫x৭-৬৫৫৫-ইবি-২৯০x১১-৯৭৪৫/- (১৬ নং গ্রেড)	৩টি	(ক) অষ্টম শ্রেণী পাশ (খ) তিন বছরের গাড়ী চালনার অভিজ্ঞতাসহ বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী।	
৮.	নৈশ প্রহরী ৪১০০-১৯০x৭-৫৪৩০-ইবি-২১০x১১-৭৭৪০/- (২০ নং গ্রেড)	৩টি	অষ্টম শ্রেণী পাশ	**ঢাকা বিভাগঃ** ঢাকা, গাজীপুর, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, শরীয়তপুর, জামালপুর, শেরপুর ও কিশোরগঞ্জ। **চট্টগ্রাম বিভাগঃ** চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, চাঁদপুর, ফেনী ও লক্ষীপুর। **রাজশাহী বিভাগঃ** বগুড়া, নওগাঁ, রাজশাহী, নাটোর ও চাপাইনবাবগঞ্জ। **রংপুর বিভাগঃ** দিনাজপুর, পঞ্চগড়, ঠাকুরগাঁও, রংপুর ও কুড়িগ্রাম। **খুলনা বিভাগঃ** বাগেরহাট, যশোর, মাগুড়া, নড়াইল, কুষ্টিয়া ও মেহেরপুর।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

ক্র: নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
১	২	৩	৪	৫
				বরিশাল বিভাগঃ ভোলা, ঝালকাঠি ও পিরোজপুর । **সিলেট বিভাগঃ** সিলেট, মৌলভীবাজার ও সুনামগঞ্জ।

শর্তাবলীঃ

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২. আবেদনকারীর বয়স ৩০/১১/২০১৫ তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে ১৮-৩০ বছর বয়সসীমার মধ্যে সরকারী চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না। মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ব্যাপারে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩. প্রচলিত বিধি মোতাবেক প্রার্থীদের জেলাওয়ারি কোটা, মুক্তিযোদ্ধা কোটা, মহিলা কোটা, উপজাতি কোটা, আনসার ও ভিডিপি, শিশু সদন হতে অব্যাহতি প্রাপ্ত এতিম/শারীরিক প্রতিবন্ধী ইত্যাদি কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

৪. দেশের সকল জেলার প্রতিবন্ধী ও এতিম নিবাসি চাকরির জন্য আবেদন করতে পারবেন।

৫. আবেদনপত্র সংযুক্ত ফরম মোতাবেক ডাকযোগে প্রথম সচিব (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা বরাবর আগামী ৩০/১১/২০১৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। সরাসরি কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

৬. প্রার্থীত ছবি, পরীক্ষার ফি বাবদ চালানের মূল কপি এবং ফেরত খাম ব্যতীত অন্য কোন সনদ বা প্রমানপত্রের অনুলিপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করার প্রয়োজন নেই। মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লিখিত সকল তথ্য প্রমাণের জন্য সনদ বা প্রমাণ পত্রের মূল কপি ও এক সেট অনুলিপি (১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) সাথে আনতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।

৭. আবেদনপত্রের সাথে সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (ছবির পেছনে নামসহ) সংযুক্ত করতে হবে।

৮. বিলম্বে প্রাপ্ত, অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯. নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার দৈনিক ভাতা/ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।

১০. প্রথম সচিব (বোর্ড প্রশাসন) বরাবরে আবেদনপত্রের সাথে প্রার্থীকে ১-১১০৩-০০০০-২৬৮১ কোডে, ১ হতে ৭ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ১০০/- **(একশত)** টাকা এবং ক্রমিক ৮ এ উল্লিখিত পদের জন্য **৫০/- (পঞ্চাশ)** টাকা ট্রেজারি চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি আবেদনপত্রে সংযুক্ত করতে হবে।

১১. আবেদনপত্রের খামের উপরে আবেদনকৃত পদের নাম মোটা অক্ষরে, বিশেষ কোটা (যদি থাকে), নিজ জেলা এবং খামের পাশে আবেদনপত্রে উল্লিখিত বর্তমান ঠিকানা স্পষ্ট করে উল্লেখ করতে হবে।

১২. আবেদনকারীর নাম ও আবেদনপত্রে উল্লিখিত বর্তমান ঠিকানা লিপিবদ্ধ করে ৬ টাকার ডাকটিকেট সম্বলিত ১০″ × ৪.৫″ মাপের একটি ফেরত খাম আবেদনের সঙ্গে প্রেরণ করতে হবে।

১৩. আবেদনপত্র গ্রহণ, বাতিল এবং নিয়োগ বাতিলসহ সকল ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদ সংখ্যা হ্রাস বৃদ্ধি হতে পারে।

১৪. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবেন না। এক্ষেত্রে পরবর্তীতে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫. নিয়োগ বিজ্ঞপ্তিটি এবং নির্ধারিত আবেদন ফরম জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইট (www.nbr.gov.bd) এ পাওয়া যাবে।

১৬. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।

১৭. লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে কেবলমাত্র মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন/নিয়োগ কমিটি
ও
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)
ফোন: ৯৩৩৩৫১৪